ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



বিয়েরা আগেই অন্তঃসত্ত্বা ছিলেন আলিয়া

পৃঃ ৫



সবার আগে লেভান্দোভস্কির পোল্যান্ডের বিদায় অপেক্ষা বাড়লো ফ্রান্স নেদারল্যান্ডসের

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭৫ ● কলকাতা ● ১৩ আষাঢ়, ১৪৩১ ● শুক্রবার ● ২৮ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## নবান্ন সভা ঘরে হকার এবং দখলদারি সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করেন মমতা



**কলকাতা: নিউজ সারাদিন :** বৃহস্পতিবার সকালে নবান্ন সভাগৃহে মমতা বন্দ্যোপাধ্যায় একটি বৈঠক করলেন। দখলদার দের এক মাস সময় দিলেন মুখ্যমন্ত্রী মমতা, বললেন, এক মাস উচ্ছেদ আপাতত হবে না। বৈঠকে ছিলেন বিভিন্ন জেলার জেলাশাসক, বিভিন্ন দফতরের আমলা, কলকাতার পুলিশ কমিশনার-সহ বিভিন্ন কমিশনারেটের কমিশনার এবং কর্তারা। রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকেরাও ওই বৈঠকে উপস্থিত ছিলেন।যে

> "বৃহস্পতিবার সকালে নবান্ন সভাগৃহে মমতা বন্দ্যোপাধ্যায় একটি বৈঠক করলেন। দখলদার দের এক মাস সময় দিলেন মুখ্যমন্ত্রী মমতা, বললেন, এক মাস উচ্ছেদ আপাতত হবে না।"

এলাকায় বেআইনি দখল হবে সেখানকার কাউন্সিলরদের গ্রেফতার করা হবে বলে হুঁশিয়ারি মমতার। বললেন, 'যত বড়ই নেতা হন,তাঁকে ছাড়া হবে না।' তবে একই সঙ্গে মমতা জানিয়েছেন, ভাল কাজ হলে পুরস্কৃতও করবেন তিনি। নবান্নের বৈঠকে পুলিশকে আক্রমণ মমতার। বললেন, পুলিশের লোভ বেড়ে গিয়েছে আজকাল। তারা গরিব হকারদের থেকে চাঁদা নিচ্ছে। মনে রাখবেন, আমার দল টাকা চায় না। আমি আগেও বলেছি। এখনও বলছি। দরকার হলে মানুষের কাছে হাত পেতে ভিক্ষে করব। যে পুলিশকে ইন্ধন দিতে দেখা যাবে, তাকে

এরপর ৩ পাতায়

## পাকিস্তানের কঙ্গো বা নাইরোভাইরাস যাতে ভারতে ছড়িয়ে না পড়ে, তার জন্য কড়া পদক্ষেপ আশু প্রয়োজন, মত ভারতীয় চিকিৎসকদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানে ছড়াতে শুরু করেছে নাইরোভাইরাস, এখন পর্যন্ত প্রায় ১৩ জন নাইরোভাইরাসে আক্রান্ত বলে জানা গিয়েছে। মূলত গবাদি পশু বা পোষ্যের ত্বকে থাকা উকুন বা এঁটুলির শরীরে বাসা বাঁধে এই ভাইরাস। এই ধরনের পোকা গুলির কামড় থেকে রক্তের মধ্যে ভাইরাস ছড়িয়ে পড়ে। পোকার কামড় থেকে বা গবাদি পশুর শ্লেষ্মার সংস্পর্শে এলে মানুষের মধ্যেও এই ভাইরাস ছড়িয়ে পড়ে। এই ভাইরাস সংক্রামনের জন্য যে জ্বর হয়, চিকিৎসা বিজ্ঞানের ভাষায় তার নাম ক্রিমিয়ান কঙ্গো হেমারেজিক ফিভার বা সিসিএইচএফ। হু-র বিশেষ তালিকায় যে যে রোগগুলি রয়েছে, তার মধ্যে এই রোগটি

এরপর ৩ পাতায়

## সংসদে উভয় পক্ষের যৌথ অধিবেশনে প্রশ্ন ফাঁস নিয়ে জোড়ালো বক্তব্য পেশ করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** সরকার দেশের প্রতিটি তরুণ তরুণীকে বড় স্বপ্ন দেখার এবং তা পূরণ করতে উপযুক্ত পরিবেশ তৈরিতে লিপ্ত হয়েছে। বৃহস্পতিবার ১৮ তম লোকসভার প্রথম অধিবেশন উপলক্ষে সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে ভাষণ দেবার সময় রাষ্ট্রপতি

> "সরকার দেশের প্রতিটি তরুণ তরুণীকে বড় স্বপ্ন দেখার এবং তা পূরণ করতে উপযুক্ত পরিবেশ তৈরিতে লিপ্ত হয়েছে। বৃহস্পতিবার ১৮ তম লোকসভার প্রথম অধিবেশন উপলক্ষে সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে ভাষণ দেবার সময় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই কথা জানান।"

দ্রৌপদী মুর্মু এই কথা জানান। নিট ইউজির পেপার ফাঁস নিয়ে তিনি কথা বলেন। পরীক্ষায় স্বচ্ছতা এবং পরিছন্নতা খুবই গুরুত্বপূর্ণ তাই তরুণ তরুণীরা যাতে মেধা প্রদর্শনে ন্যায্য সুযোগ পান তা নিশ্চিত করতে সরকার চেষ্টা করছে। সরকারি নিয়োগ কিংবা পরীক্ষার ক্ষেত্রে কোন বাধা ঠিক নয় বলে এদিন জানান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

এদিন রাষ্ট্রপতি পেপার ফাঁসের কথা উল্লেখ করে

এরপর ৩ পাতায়







এরপর ৩ পাতায়

এরপর ৩ পাতায়

## পরিযায়ী শ্রমিককে অপহরণের অভিযোগ

### ঠিকাদারের বিরুদ্ধে, মুক্তিপণ হিসাবে ৫৩ হাজার টাকা দাবি, থানায় অভিযোগ নিতে অস্বীকার পুলিশের, দুশ্চিন্তায় পরিবার



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : পারিশ্রমিকের পাওনা টাকা চাইতে গিয়ে অপহরণের শিকার পুরাতন মালদহের এক পরিযায়ী শ্রমিক। অপহরণের অভিযোগ উঠল ভিন রাজ্যে শ্রমিক নিয়ে সরবরাহের কালিয়াচকের এক ঠিকাদারের বিরুদ্ধে। মুক্তিপণ হিসেবে ৫৩ হাজার টাকা দাবি। সমস্ত ঘটনার বিবরণ দিয়ে গতকাল মালদা থানায় অভিযোগ জানাতে গেলে পুলিশ অপহরণের অভিযোগ গ্রহণ করতে অস্বীকার করেছে বলে অভিযোগ। অসহায় ওই পরিবার এখন সঠিক তদন্তের দাবিতে কি করবেন বুঝে উঠতে পারছেন না। পুলিশের এই আচরণে ওই পরিবারের সকলে ক্ষুব্ধ। ঘটনাক্রমে জানা গেছে, বিগত এক বছর আগে পুরাতন মালদহের ভাবুক অঞ্চলের মহাজীবনগর এলাকার দম্পতি গোকুল লহরা ও যশোদা লহরা ভিন রাজ্য ব্যাঙ্গালুরুতে শ্রমিকের কাজে ওই ঠিকাদারের সাথে যান। কিন্তু পারিশ্রমিক বাবদ ২৫ হাজার টাকা সেই ঠিকাদারের কাছ থেকে পান। কিন্তু এক বছর পার হয়ে গেলেও এখনো পর্যন্ত সে পাওনা টাকা পাইনি। গত মঙ্গলবার সেই টাকা নেওয়ার জন্য অভিযুক্ত ওই ঠিকাদার পুরাতন মালদহের নারায়ণপুর এলাকায় পরিয়ায়ী শ্রমিক গোকুল লহরাকে সেখান থেকে অপহরণ করে বলে অভিযোগ। সেদিন রাতেই মুক্তিপণ হিসেবে একটি ফোন আসে পরিবারে এবং ৫৩ হাজার টাকা দাবি করে বলে অভিযোগ। এমতাবস্থায় গত বুধবার সমস্ত ঘটনার বিবরণ দিয়ে মালদা থানায় দারস্ত হলে পুলিশ ও অপহরণের অভিযোগ গ্রহণ করেনি বলে অভিযোগ।

## মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের পর ফুটপাত দখলমুক্ত করতে

### ফালাকাটা বিএলআরও, এবং পুলিশের অভিযান



**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা: নিউজ সারাদিন** : বৃহস্পতিবার দুপুরে ফালাকাটা শহরের বিভিন্ন গলিতে অভিযান চালায় ফালাকাটার বিএলআরও, এবং ফালাকাটা থানার পুলিশ প্রশাসন।ফুটপাত দখল করে রাখা ব্যবসায়ীদের এদিন কড়া ভাষায় হুঁশিয়ারি দেয়, বিএলআরও,এবং ফালাকাটা পুলিশ প্রশাসন। এদিনের অভিযানে উপস্থিত ছিলেন ফালাকাটা পুরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর, ফালাকাটার বিএলআরও, শেখ মিলন, ফালাকাটা থানার বিশাল পুলিশ বাহিনী। ফালাকাটা শহরের ফুটপাত দখলমুক্ত অভিযানে যে সমস্ত ব্যবসায়ীরা ফুটপাত এবং রাস্তার উপরে জিনিসপত্র রেখেছে,তাদের কড়া ভাষায় হুঁশিয়ারি দিয়ে ফুটপাত দখল মুক্ত করে ব্যবসায়ীদের ব্যবসা করার নির্দেশ দেওয়া হয়েছে।অন্যথায় কড়া ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য ফালাকাটা শহরের ফুটপাত দখলমুক্ত করতে এর আগে একাধিকবার পুরসভা ও পুলিশের তরফে অভিযানে নেমেছিল। কয়েকদিন অভিযান চালানোর পর অভিযান বন্ধ হতেই ফের একশ্রেণীর ব্যবসায়ীরা রাস্তার ওপর ব্যবসায়িক সামগ্রী রেখে ব্যবসা করে যাচ্ছে। মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের পর ফুটপাত দখলমুক্ত করতে এদিন অভিযানে নামে পুলিশ এবং ফালাকাটার বিএলআরও, একই সাথে ফালাকাটা পুরসভার কাউন্সিলরা।এদিন ফালাকাটা শহরের ফুটপাতে দখল করে ব্যবসা করা ব্যবসায়ীদের রাস্তার উপর থেকে সমস্ত রকম ব্যবসায়িক জিনিসপত্র সরিয়ে নেওয়ার কড়া নির্দেশ দেওয়া হয়েছে।এ বিষয়ে ফালাকাটার বিএলআরও ,শেখ মিলন বলেন,এদিন ব্যবসায়ীদের ফুটপাত দখলমুক্ত করে ব্যবসা করার সতর্কবার্তা দেওয়া হল,ব্যবসায়ীরা একদিন সময় চেয়ে নিয়েছে। শুক্রবার থেকে যদি কোন ব্যবসায়ী এই আইন অমান্য করে ফুটপাত দখল করে ব্যবসা করেন তাহলে তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। একই সাথে ফালাকাটা পুলিশ প্রশাসন ব্যবসায়ীদের ফুটপাতে রাখা সামগ্রী তুলে নেওয়ার কড়া হুশিয়ার দেন।


## দিল্লির এআইএমএসে ভর্তি

### প্রাক্তন উপপ্রধানমন্ত্রী লালকৃষ্ণ আডবাণী



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : অসুস্থ দেশের প্রাক্তন উপপ্রধানমন্ত্রী লালকৃষ্ণ আডবাণী । বুধবার রাতেই তাঁকে দিল্লির AIMS -এ ভর্তি করানো হয় । হাসপাতাল সূত্রে খবর, বয়সজনিত সমস্যা নিয়েই ভুগছেন ৯৬ বছর বয়সী আডবাণী। হাসপাতালের পক্ষ থেকে তাঁর অসুস্থতা সম্পর্কে বিশেষ কোনও তথ্য জানা যায়নি। পাশাপাশি তিনি বর্তমানে বিজেপির প্রবীণ নেতা। গেরিয়াট্রিক বিভাগে ভর্তি রয়েছেন বলে জানা গিয়েছে। চিকিৎসকদের পর্যবেক্ষণে রাখা হয়েছে তাঁকে। বর্তমানে তাঁর অবস্থা স্থিতিশীল বলেই হাসপাতাল সূত্রে খবর।

১৯২৭ সালের ৮ নভেম্বর পাকিস্তানের করাচিতে জন্ম লালকৃষ্ণ আডবাণীর । ১৯৮০ সাল থেকে তিনি বিজেপির সভাপতি পদে ছিলেন। ১৯৯৯ থেকে ২০০৪ সালের মধ্যে অটলবিহারী বাজপেয়ী প্রধানমন্ত্রী থাকাকালীন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী এবং উপপ্রধানমন্ত্রীও হয়েছিলেন আডবাণী। ২০২৪ সালের শুরুতেই ভারত সরকারের পক্ষ থেকে তাঁকে ভারতরত্ন দেওয়া হয়।



## চলন্ত ট্রেনের আপার বার্থ ভেঙে মৃত্যু হল এক বৃদ্ধের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : দেশের বিভিন্ন প্রান্তে ঘটছে একের পর এক রেল দুর্ঘটনা, যাত্রীরা হারাচ্ছেন প্রাণও। এবারের ঘটনাটি নিঃসন্দেহে নজিরবিহীন এবং মর্মান্তিকও বটে। চলন্ত ট্রেনের আপার বার্থ ভেঙে মৃত্যু হল এক বৃদ্ধের। ট্রেন চলাকালীন আচমকাই ওই বৃদ্ধের ওপর ভেঙে পড়ে আপার বার্থটি। সেই সময়ে তিনি শুয়েছিলেন নিচের বার্থে। এদিকে, ওপরের বার্থটি হঠাৎ ভেঙে যাওয়ায় ওই বার্থে থাকা যাত্রীও পড়ে যান বৃদ্ধের ঘাড়ের ওপর। ওই দুর্ঘটনায় ঘাড়ের হাড় ভেঙে যায় ওই বৃদ্ধের। কেরলের মলপ্পুরম জেলার মারানচেরি শহরের বাসিন্দা ওই বৃদ্ধের নাম আলি খান সিকে। এর্নাকুলাম থেকে হযরত নিজামুদ্দিন যাওয়া মিলেনিয়াম এক্সপ্রেস ট্রেনটি তেলেঙ্গানার ওয়ারাঙ্গালের কাছাকাছি পৌঁছলে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ওই বৃদ্ধ সবথেকে নিচের বার্থটিতে শুয়েছিলেন। হঠাৎই একটি আচমকা শব্দ হয় এবং ওপরের বার্থটি ভেঙে গিয়ে যাত্রীসহ সেটি নিচের বার্থে থাকা বৃদ্ধের ওপরে ভেঙে পড়ে। ঘটনার পরিপ্রেক্ষিতে দ্রুত ট্রেন থামিয়ে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকেরা পরীক্ষা করে দেখেন তাঁর ঘাড়ের তিনটি হাড় ভেঙে গিয়েছে। আহত বৃদ্ধকে এরপর হায়দ্রাবাদের কেআইএমএস হাসপাতালে স্থানান্তরিত করা হলেও সেখানেই চিকিৎসা চলাকালীন তাঁর মৃত্যু হয়।দুর্ঘটনার পরে রেল মন্ত্রকের অফিশিয়াল মুখপাত্র "এক্স" হ্যান্ডেলে পোস্ট করে জানিয়েছেন, "ওপরে থাকা বার্থের চেনটি একজন যাত্রী ভুলভাবে বসানোর কারণে ওই বার্থের সিটটি নিচে পড়ে যায়। সিটটি যে ক্ষতিগ্রস্থ অবস্থায় ছিল না তা স্পষ্ট হয়েছে। নিজামুদ্দিন স্টেশনে সিটটিকে পরীক্ষা করলে দেখা যায় সেটা ঠিক রয়েছে।

## দেশের অর্থনীতি বিশ্বে তৃতীয় বৃহত্তম অর্থনীতি হয়ে উপরে উঠে আসছে"- রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ১৮ তম লোকসভা অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাসনে একাধিক বিষয় উঠে আসে। তিনি জানান, "দেশের অর্থনীতি বিশ্বে তৃতীয় বৃহত্তম অর্থনীতি হয়ে উপরে উঠে আসছে"। উন্নত ভারতের সংকল্পে দেশের মানুষ বিশ্বাস রেখেছে বলেই ভারতের তৃতীয়বার মজবুত এবং নির্ণায়ক সরকার তৈরি হয়েছে। চলতি বছরের লোকসভা নির্বাচন নিষ্ঠা এবং নীতির নির্বাচন ছিল বলেও তিনি উল্লেখ করেছেন। সংসদের যৌথ সভায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর এটাই ছিল প্রথম ভাষণ। তাঁর এই ভাষণে একাধিক ইস্যু উঠে এসেছে। তিনি বলেন এই নির্বাচন বিশ্বের সবথেকে বড় নির্বাচন ছিল। প্রায় ৬৪ কোটি ভোটদাতা উৎসাহ এবং উদ্দীপনার সঙ্গে কর্তব্য পালন করেছেন। এছাড়া বিপুল সংখ্যায় মহিলারা এই নির্বাচনে অংশ নিয়েছেন বলেও তিনি জানান। জম্মু-কাশ্মীরে নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, চলতি বছরের এই নির্বাচনে জম্মু-কাশ্মীরের সুন্দর একটা ছবি সামনে এসেছে। এখানকার মানুষ সন্ত্রাস ও ভয় ভুলে গিয়ে নির্বাচনে সামিল হয়েছেন। রাষ্ট্রপতি এদিন সিএএ প্রসঙ্গে বলেন সিএএ আইন লাগু হয়েছে বলেই পরিবারগুলি সিএএ-র অধীনে নাগরিকত্ব পেয়েছে। আমি তাদের আরো ভালো ভবিষ্যৎ কামনা করি। এই লোকসভা আসন্ন অধিবেশনে দেশের সংবিধানে ৫৬ তম বছরের সাক্ষী হবে। এবং তা ঐতিহাসিক হবে বলে রাষ্ট্রপতির ভাষণে এই বক্তব্য উঠে আসে। এই সরকার অর্থনীতির তিনটি স্তম্ভ যেমন উৎপাদন, পরিষেবা এবং কৃষিকে সমান গুরুত্ব দিচ্ছে। পিএলআই যোজনা এবং ব্যবসা করার ক্ষেত্রে ব্যাপকভাবে বিনিয়োগ এবং কর্মসংস্থানে দেশ কতটা উন্নত হয়েছে রাষ্ট্রপতির ভাষণে এই কথাও উঠে আসে।







## রিষড়া পৌর এলাকায়

# হকার উচ্ছেদ সহ রাস্তা দখল মুক্ত অভিযান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রীর নির্দেশের পর সারা পশ্চিমবঙ্গ জুড়ে হকার উচ্ছেদ সহ রাস্তা ও ফুটপাত দখলদারি মুক্ত করতে স্থানীয় প্রশাসন সহ পৌরসভা মাঠে নেমে পড়ে আগ্রাসী ভঙ্গিতে। রিষড়া পৌরসভাও এর ব্যাতিক্রম নয়। রিষড়া পুর এলাকায় ফুটপাথ দখল করে থাকা দোকান উচ্ছেদ অভিযান শুরু করেছে রিষড়া পৌরসভা, রিষড়া থানার পুলিশকে সঙ্গে নিয়ে। বৃহস্পতিবার সকালে প্রথমে মাইকিং করা হয়। সমস্ত অস্থায়ী দোকান যারা পুরসভার জায়গা অথবা ফুটপাথ দখল করে স্থায়ী ব্যবস্থা করে ব্যবসা করছে তাদের সাত দিন সময় দেওয়া হয়। তাদের জানিয়ে দেওয়া হয় দোকান সরিয়ে নিতে হবে নয়তো পুরসভা জেসিবি দিয়ে ভেঙে সরিয়ে দেবে। রাস্তার উপর চলে আসা অস্থায়ী ছাউনি প্লাস্টিকের শেড খুলে দেওয়া হয়। মুলত রিষড়া মৈত্রী পথ, স্টেশন রোড,আর বি সি রোড, এন এস রোড এলাকায় চলে এই অভিযান।

রিষড়া পুরসভার পক্ষ থেকে জানান হয় আগামী দিনে এই অভিযান চলবে।

## ফালাকাটায় পাঁচ মাসে সাপের কামড় ৬২ জনকে,

# হাসপাতালে আলাদা কক্ষের দাবি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ডুয়ার্সে বর্ষাকাল শুরু হতেই বেড়েছে সাপের উৎপাত।তা সে বিষধর হোক কিংবা বিষহীন।সাপ নিয় এখন বেশ আতঙ্কিত সাধারণ মানুষ।খোদ স্বাস্থ্য দপ্তর সূত্রে জানাগেছে,চলতি বছরের মাত্র ৫মাসেই ফালাকাটাতে সাপের কামড় খেয়েছেন ৬২জন সাধারণ মানুষ।এর মধ্যে গত মে মাসেই ২১জনকে সাপে কামড়ায়েছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানাগেছে।সাপে কাটা রোগীদের চিকিৎসার জন্য ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে আলাদা কক্ষের দাবি তুলেছেন সর্প প্রেমীরা।ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার শুভাশিস শী বলেন, আমাদের হাসপাতালে ৫মাসে ৬২জন সাপে কাটা রোগী এসেছে।তবে এদের আমরা সঠিক সময়ে চিকিৎসা শুরু করতে পেরেছি।আমাদের এভিআরএস উপযুক্ত হারে পাওয়া যাচ্ছে।তাই রোগী এলেও মৃত্যু আটকানো যাচ্ছে।ফালাকাটার সর্পপ্রেমী শংকর সাহা চৌধুরী বলেন,হাসপাতালে সাপে কাটা রোগী আসার পর তাদের নানা ধরনের অসুবিধা দেখা দেয়।সাধারণ রোগীদের মাঝে তাদের চিকিৎসা হলে সমস্যাও হয়।তাই রোগীদের স্বার্থে হাসপাতালে আদালা কক্ষ চালু করা প্রয়োজন।ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতাল সূত্রে জানাগেছে,গত ৫মাসে ৬২জন সাপে কাটা রোগী হাসপাতালে এসেছে।এর মধ্যে জানুয়ারি মাসে ৪জন, ফেব্রুয়ারি মাসে ৮জন,মার্চ ১৩মাসে জন,এপ্রিল মাসে ১৬জন এবং মে মাসে ২১জন সাপে কাটা রোগী হাসপাতালে এসেছে।এদের মধ্যে কাউকে বিষধর আবার কাউকে বিষহীন সাপ কাটে।তবে হাসপাতালে আসার পর কারও মৃত্যু হয়নি।বন দপ্তর সূত্রে জানাগেছে,সর্বশেষ তথ্য অনুযায়ী এ রাজ্যে প্রায় ১১৪প্রজাতির সাপ আছে।এর মধ্যে আবার ৯৮প্রজাতির সাপ পাওয়া যায় উত্তরবঙ্গে। অর্থাৎ গোটা রাজ্যে যে সাপ পাওয়া যায় তার ৮৬শতাংশ সাপ পাওয়া যায় উত্তরবঙ্গে। জানাগেছে,এর মধ্যে ১৮প্রজাতির সাপ বিষধর আর বাকি ৭৭শতাংশ সাপই বিষহীন।এদিকে গোটা উত্তরবঙ্গে যে ৯৮প্রজাতির সাপ আছে তার মধ্যে আলিপুরদুয়ারের বক্সা ব্যাঘ্র প্রকল্পেই মেলে ৭৬প্রজাতির সাপ বলে বন দপ্তরের তথ্য বলছে।আর জলদাপাড়া জাতীয় উদ্যান ও সংলগ্ন এলাকায় মেলে ৩৯প্রজাতির সাপ।আলিপুরদুয়ার জেলায় যত ধরনের সাপ পাওয়া যায় তা আর গোটা রাজ্যের কোনো জেলাতেই পাওয়া যায় না বলে সর্প বিশেষজ্ঞরা জানিয়েছেন। স্বাভাবিক ভাবেই সাপ নিয়ে সাধারণ মানুষের মধ্যে আরও সচেতন গড়ে তোলা দরকার বলেই সর্প প্রেমীরা জানিয়েছেন।তবে সর্প প্রেমীরা জানান সাপে কাটা রোগীদের ঝাড় ফুক না করে খুব শীঘ্রই নিকটবর্তী হাসপাতালে নিয়ে চিকিৎসা করানো।

১-ম পাতার পর

# সংসদে উভয় পক্ষের যৌথ অধিবেশনে প্রশ্ন ফাঁস নিয়ে জোড়ালো বক্তব্য পেশ করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু

জানিয়েছেন সম্প্রতি কিছু পরীক্ষায় পেপার ফাঁসের ঘটনা ঘটেছে। সরকার তদন্ত এবং দোষীদের কঠোরতম শাস্তি নিশ্চিত করতে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রসঙ্গে তিনি জানিয়েছেন এর আগেও অনেক রাজ্যে পেপার ফাঁসের ঘটনা ঘটেছে। এ ব্যাপারে দলীয় রাজনীতির ওপরে উঠে দেশব্যাপী ব্যবস্থা নিতে হবে। পরীক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠান, তাদের কার্যক্রম এবং পরীক্ষা প্রক্রিয়া সহ সব ধরনের সংস্কারের চেষ্টা করছে সরকার। রাষ্ট্রপতি যখন পেপার ফাঁস প্রসঙ্গে কথা বলতে থাকেন তখন সংসদ ভবনে বিরোধীদের শোরগোল শুরু হয়ে যায়। বিরোধীরা নিট -নিট করে স্লোগান দিতে দিতে বলতে থাকে এই বিষয় বিরোধীদের বক্তব্য শুনতে হবে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এদিন বলেছেন তরুণ তরুণীদের আগে সার্টিফিকেট অ্যাটেস্টেশনের জন্য ঘুরতে হত এখন তারা নিজেরাই সেই কাজ করতে পারছে। গত ১০ বছরের তরুণ-তরুনীদের সমস্যা সৃষ্টিকারী প্রতিটি বাধা সরকার দূর করার চেষ্টা করছে। তিনি আরো বলেন কেন্দ্রীয় সরকারের গ্রুপ সি এবং গ্রুপ ডি নিয়োগের পরীক্ষার ইন্টারভিউ বন্ধ হয়ে গেছে। ছাত্র ছাত্রীরা উচ্চশিক্ষায় ইংরাজি ভাষায় পড়াশোনা করত। সে ক্ষেত্রে তাদের অন্যায় আচরণের মধ্যে পড়তে হতো। কিন্তু সরকারের নতুন শিক্ষা নীতির মাধ্যমে সেই অন্যায় দূর করতে কাজ হয়েছে। তরুন তরুনীরা এখন ভারতীয় ভাষায় ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ পেয়েছেন। দেশে ৩১৫টির মেডিকেল কলেজ, ১৬ টি আই আই এম, এবং ৭টি আইআইটি কার তৈরি করে এই প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালীও করেছে সরকার। বৃহস্পতিবার সংসদ ভবনে রাষ্ট্রপতির ভাষণে এই কথা উঠে আসে।

১-ম পাতার পর

# নবান্ন সভা ঘরে হকার এবং দখলদারি সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করেন মমতা

সঙ্গে সঙ্গে সরানো হবে। কাউকে ছাড়ব না।মমতা বললেন, কাউকে বেকার করার অধিকার আমাদের নেই। তবে দ্রুত বিকল্প ব্যবস্থা করতে হবে। আমি চাই না কারও ব্যবসা বন্ধ হোক। কিন্তু বেশি সময় দেওয়া যাবে না। মমতা বললেন, হকারদের আমি ভালবাসি কেন জানেন?তার কারণ, রাস্তায় একটা দুর্ঘটনা ঘটলে আর সবাই মুখ ফিরিয়ে চলে গেলেও হকারেরা ছুটে আসেন। ওঁরা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন। কোনও মেয়ের সঙ্গে দুর্ব্যবহার হলে প্রতিবাদ করেন। কিন্তু আমি যেটা করছি, সেটা ওঁদের বিরুদ্ধে নয়। কলকাতাকে সুন্দর করতে হবে। আপনারা সহযোগিতা করুন, সরকার আপনাদের সঙ্গে থাকবেন।

১-ম পাতার পর

# পাকিস্তানের কঙ্গো বা নাইরোভাইরাস যাতে ভারতে ছড়িয়ে না পড়ে, তার জন্য কড়া পদক্ষেপ আশু প্রয়োজন, মত ভারতীয় চিকিৎসকদের

অন্যতম। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, নাইরোভাইরাস ঘটিত এই রোগে মৃত্যুর হার অনেকটাই বেশি, প্রায় ৪০ শতাংশ রোগীর মৃত্যু হয় সংক্রমণের পর, তবে প্রাথমিক অবস্থায় রোগটিকে চিকিৎসার মাধ্যমে প্রতিরোধ করা সম্ভব। মূলত ডেঙ্গির সঙ্গে লক্ষণের বেশ কিছু মিল রয়েছে। ইতিমধ্যেই পশু, মানুষ ও পতঙ্গদের মধ্যে নজরদারি বাড়ানো হয়েছে, যাতে কোনওভাবেই এই ভাইরাস মহামারি ঘটাতে না পারে। ২০২৩ সালেও ইরাক ও পাকিস্তানে এই ভাইরাসের জেরে শতাধিক মৃত্যু হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার কথায়, রাইবাভিন নামের অ্যান্টিভাইরাল ড্রাগও ব্যবহার করা হয় এর চিকিৎসায়, তবে চিকিৎসার চেয়ে রোগ প্রতিরোধ বেশি জরুরি বলে মনে করছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। ভারতের ঠিক প্রতিবেশী দেশেই সংক্রমণ ছড়াচ্ছে এই মারণ ভাইরাস। এই অবস্থায় একাধিক চিকিৎসকের পরামর্শ, কেন্দ্রের এই সময় সীমান্ত এলাকায় প্রহরা বাড়ানো উচিত। বর্ডার পারাপারের সময় প্রত্যেকের স্বাস্থ্য পরীক্ষাও জরুরি বলে মনে করছেন চিকিৎসকরা। পাকিস্তানের কঙ্গো ভাইরাস যাতে ভারতে ছড়িয়ে না পড়ে, তার জন্য কড়া পদক্ষেপ আশু প্রয়োজন বলে মনে করছেন ভারতীয় চিকিৎসক মহল।

# বনদপ্তরে নিয়োগ হতে চলেছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বহু বছর ধরে বন দফতরের ফরেস্ট গার্ড ও হেড ফরেস্ট গার্ডের অনেকগুলি পদ শূন্য পড়ে রয়েছে। ওই পদগুলিতে নিয়োগের ব্যাপারে বুধবার অনুমোদন দিল মন্ত্রিসভা।বন দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত বনমন্ত্রী বীরবাহা হাঁসদা এই শূন্যপদে কর্মী নিয়োগের বিষয়ে সম্প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলেন। তারপরই এদিন মন্ত্রিসভার বৈঠকে ওই দুটি পদে কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়।

বন দফতর সূত্রের খবর, ফরেস্ট গার্ডে মোট পদের সংখ্যা ২ হাজার ৪৫৮টি। এর মধ্যে ৬৬ শতাংশ পদে এতদিন কোনও কর্মী ছিল না। একইভাবে হেড ফরেস্ট গার্ডে মোট পদের সংখ্যা ২৩১টি। এর মধ্যে ৮৩ শতাংশ পদে কোনও কর্মী নেই।

জঙ্গলে নজরদারি, কাঠচুরির মতো ঘটনা রুখতে ফরেস্ট গার্ড প্রয়োজন। এ ব্যাপারেই এবার কর্মী নিয়োগের সিদ্ধান্ত নিল রাজ্যের মন্ত্রিসভা।নবান্ন সূত্রের খবর, ফরেস্ট গার্ডের ১৬০০ পদে এবং হেড ফরেস্ট গার্ডের ১৯২টি পদে নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে এদিনের মন্ত্রিসভার বৈঠকে।বৃহস্পতিবার এই নিয়োগের জন্য নতুন রুলও নিয়ে আসা হয়েছে। যার নাম ওয়েস্ট বেঙ্গল সার্ভিস রিক্রুটমেন্ট অফ ফরেস্ট গার্ড অ্যান্ড হেড ফরেস্ট গার্ড রুলস ২০২৪ ।

এই নিয়োগ আগে ছিল পুলিশের হাতে। এদিন মন্ত্রিসভার বৈঠকে নয়া রুল পাস হওয়ার পর এবার থেকে পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) মাধ্যমে এই নিয়োগ হবে। মূলত, নিয়োগ প্রক্রিয়াকে স্বচ্ছ করে তুলতেই এই পদক্ষেপ বলে জানা গেছে।

## প্রধানমন্ত্রী শ্রী নাদাপ্রভু কেম্পেগৌড়াকে


# শ্রদ্ধা জানিয়েছেন



**নয়াদিল্লি, ২৭ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী শ্রী নাদাপ্রভু কেম্পেগৌড়ার জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন যে, শ্রী নাদাপ্রভু কেম্পেগৌড়া ছিলেন অর্থনীতি, কৃষি, সেচ এবং আরও অনেক কিছুর উন্নয়নে অগ্রগণ্য ব্যক্তি।

প্রধানমন্ত্রী এক্স-এ পোস্ট করেছেন, "শ্রী নাদাপ্রভু কেম্পেগৌড়া-কে তাঁর জন্মবার্ষিকীতে জানাই শ্রদ্ধা। দূরদর্শিতা এবং প্রশাসনিক দক্ষতার জন্য তিনি পরিচিত ছিলেন। অর্থনৈতিক উন্নতি, কৃষি, সেচ এবং আরও অনেক ক্ষেত্রে তিনি ছিলেন অগ্রবর্তী ব্যক্তিত্ব। তিনি লালন করেছিলেন বেঙ্গালুরুকে। এই শহর তার প্রাণবন্ততা ও উদ্ভাবনী শক্তির জন্য সারা বিশ্বে বন্দিত। সমাজের জন্য তাঁর ভাবনা পূরণ করতে আমাদের সরকার কাজ করবে এবং তাঁর আদর্শকে তুলে ধরবে। ২০২২ - এ যেটি উদ্বোধন করার সম্মান পেয়েছিলাম, সেই 'স্ট্যাচু অফ প্রসপারিটি'র ছবি সকলের সঙ্গে ভাগ করে নিলাম"।

# ভোটাররা বুঝিয়ে দিলেন ভারত 'হিন্দুরাষ্ট্র' নয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত ধর্মনিরপেক্ষ দেশ। তাকে বলপূর্বক হিন্দুরাষ্ট্রে পরিণত করা উচিত নয়। ভারত যে হিন্দুরাষ্ট্র নয়, সাম্প্রতিকতম লোকসভা ভোটের ফলেই ভারতীয় ভোটারদের সেই মতের প্রতিফলন হয়েছে। এমনই মন্তব্য করলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন।

অমর্ত্য সেনের মতে, ভারত যে হিন্দুরাষ্ট্র নয়, ভারতীয় ভোটারদের মধ্যে সেই মতের প্রতিফলন ঘটেছে। বিজেপি সরকারের বিরুদ্ধে বিরোধীদের জেলবন্দি করার যে অভিযোগ ওঠে, তাও শোনা গিয়েছে অমর্ত্যর মুখে। তবে এ জন্য দেশে দীর্ঘদিন

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৭৫ সংখ্যা ২৮ জুন, ২০২৪ শুক্রবার ১৩ আষাঢ়, ১৪৩১

৩ পাতার পর

## ভোটাররা বুঝিয়ে দিলেন ভারত 'হিন্দুরাষ্ট্র' নয়

ক্ষমতায় থাকা কংগ্রেসও দায় এড়াতে পারে না বলে মনে করেন তিনি।

বুধবার (২৬ জুন) কলকাতায় পা রাখেন অমর্ত্য। তারপরই এক সাক্ষাৎকারে ব্যক্ত করেন ভোটের নানা দিক নিয়ে তার প্রতিক্রিয়া। অর্মত্যর কথায়, নতুন সরকারের উচিত রাজনৈতিক দিক থেকে আরো মুক্তমনা হওয়া। তবে তার মতে, নতুন যে মন্ত্রিসভা হয়েছে, তা আগের মন্ত্রিসভার মতোই। সামান্য রদবদল হলেও রাজনৈতিকভাবে যারা শক্তিশালী ছিলেন, তারা এখনও শক্তিশালী।

অমর্ত্যর মতে, ভারতকে হিন্দুত্বের নিরিখে দেখা হচ্ছে। মহাত্মা গান্ধী, রবীন্দ্রনাথ ঠাকুরের দেশে তা হওয়ার কথা নয়।

নোবেলজয়ী বলেন, বিনা বিচারে লোককে জেলে পোরা্আমি যখন ছোট ছিলাম, আমার কাকাতো ভাইদের অনেকে জেলে ছিলেন। এখনকার সরকার সেটাকে বেশি ব্যবহার করছে। দেশে বেকারত্ব বাড়ছে। শিক্ষা, স্বাস্থ্য অবহেলিত। বেশি কষ্ট পেয়েছি এই বর্তমান সরকারের আমলে। এই অবস্থার পরিবর্তন করা দরকার। এ বার লোকসভা ভোটে একক সংখ্যাগরিষ্ঠতা পায়নি বিজেপি। বিরোধীরা আগের তুলনায় অনেক শক্তিশালী। এই পরিস্থিতিতে আশাবাদী অমর্ত্য। তিনি বলছেন, নির্বাচনের ফলে কিছু পরিবর্তন হবে, এটা তো আমাদের আশা খুবই আছে ভারতবর্ষে। রাজনীতির দিকেও খোলা মন হওয়া দরকার। বিশেষত ভারতবর্ষ একটা ধর্মনিরপেক্ষ দেশ। আমাদের সংবিধানও ধর্মনিরপেক্ষ। সেটাকে একটা হিন্দুরাষ্ট্রে পরিণত করাটা সমীচীন নয় বলে আমি মনে করি।

## সম্পাদকীয়

### ২০২৩-২৪ সালের স্পেকট্রাম নিলাম সফলভাবে সম্পন্ন হয়েছে

চলতি বছরে যেসব স্পেকট্রামের মেয়াদ উত্তীর্ণ হচ্ছে এবং ২০২২ সালের নিলামে যে স্পেকট্রামগুলি অবিক্রিত ছিল, সেগুলি এবার নিলামে তোলা হ'ল। টেলিযোগাযোগ ক্ষেত্রের ধারাবাহিকতা রক্ষা ও বিকাশের জন্য টেলিকম পরিষেবা প্রদানকারীদের চাহিদা মেটাতেই এই উদ্যোগ।

৮০০, ৯০০, ১৮০০, ২১০০, ২৩০০, ২৫০০ ও ৩৩০০ মেগাহার্টজ এবং ২৬ গিগাহার্টজ ব্যান্ডগুলি নিলামে তোলা হয়। নিলাম শুরু হয় ২৫ জুন সকাল ১০টায়। ৭ রাউন্ডের পর ২৬ জুন সকাল ১১টা ৪৫ মিনিটে এই প্রক্রিয়া শেষ হয়। সম্প্রতি ৫জি স্পেকট্রামের নিলাম হওয়ায় এবং তার নগদীকরণের প্রক্রিয়া এখনও চলতে থাকায় ৮০০, ২৩০০, ৩৩০০ মেগাহার্টজ এবং ২৬ গিগাহার্টজ ব্যান্ডে কোনও বিডিং হয়নি। নিলামে তোলা ৫৩৩.৬ মেগাহার্টজ স্পেকট্রামের ২৬.৫ শতাংশ অর্থাৎ ১৪১.৪ মেগাহার্টজ নিলামে বিক্রি হয়েছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কিছুদিন আগে ২০২২ সালের অগাস্ট মাসে ৫১.২ গিগাহার্টজ স্পেকট্রাম বিক্রি করার পরও এবারের নিলামে এমন সাড়া পাওয়া গেছে। টেলিকম পরিষেবা প্রদানকারী ৩টি সংস্থাই অর্থাৎ ভারতী এয়ারটেল, রিলায়েন্স জিও ইনফোকম এবং ভোডাফোন আইডিয়া এই নিলামে অংশ নেয়। মোট ১৪১.৪ মেগাহার্টজ স্পেকট্রাম বিক্রি করে ১১ হাজার ৩৪০ কোটি টাকা পাওয়া গেছে। ভারতী এয়ারটেল এবং ভোডাফোন আইডিয়া তাদের মেয়াদোত্তীর্ণ ৯০০ মেগাহার্টজ এবং ১৮০০ মেগাহার্টজ ব্যান্ড পুনর্নবীকরণ করেছে। এছাড়াও, টেলিকম পরিষেবা প্রদানকারী সংস্থাগুলি ৬১৬৪.৮৮ কোটি টাকার বিনিময়ে অতিরিক্ত ৮৭.২ মেগাহার্টজ স্পেকট্রাম কিনেছে। যে স্পেকট্রামগুলি এবারে বিক্রি হয়নি, সেগুলি আবার পরবর্তী সময়ে নিলামে তোলা হবে।

# আজকের সাংবাদিকতার ভবিষ্যৎ কী



মৃত্যুঞ্জয় সরদার
(চতুর্থ পর্ব)

সাংবাদিকতা। একজন অভিজ্ঞ সাংবাদিক এই রূপান্তরগুলোকে শুধু দেখেই শেষ করতে পারেন না, সেগুলোকে তার নিবিড় পর্যবেক্ষণেও রাখতে হবে এবং তার নিজস্ব এথিক্সের আলোকে চলার পথ বা সংবাদ লেখার পথ ঠিক করতে হবে।তবে অনেক ধরনের ঘটনাই ঘটে প্রতিদিন। তবে গুরুত্বের বিচারে সব ঘটনা একই মানের না হওয়ায় সবই সংবাদ হিসেবে প্রকাশিত হয় না। সংবাদপত্রকে বলা হয় সমাজের দর্পণ, কিন্তু এদিক থেকে চিন্তা করলে সংবাদপত্র সমাজের দর্পণ নয়। কারণ সমাজে ঘটে যাওয়া সব ঘটনাবলীই সংবাদপত্রে প্রকাশিত হয় না। একজন সাংবাদিকের নিজস্ব মতামত প্রকাশের জায়গা সংবাদপত্র নয়, ঘটনা যতটুকু ঘটে, ততটুকুই বলবেন একজন সাংবাদিক; এর বেশি নয়। আজকের সাংবাদিকতার জন্য প্রধান চ্যালেঞ্জও এটাই। জনমত সৃষ্টিতে তাই আজকের সাংবাদিকরা রাখতে পারেন গুরুত্বপূর্ণ ভূমিকা। একটি সাধারণ খবরকে একজন সাংবাদিক এমনভাবে উপস্থাপন করতে পারেন, যাতে তা পাঠক পড়তে আগ্রহ প্রকাশ করেন এবং তা পাঠকের মনে আলোড়ন সৃষ্টি করে।

একজন সাংবাদিককে চিন্তা করতে হবে জনমতের জায়গা থেকে জনকল্যাণের জায়গা থেকে। একটি সৎ সংবাদ প্রকাশ করতে প্রয়োজন জনগণের সাহসী খোলামত ও অভিযোগ। কেউ যদি একটি সহজে বহনযোগ্য ডিজিটাল যন্ত্রের সাহায্যে ছবি বা ভিডিও ধারণ করে তা সম্পাদনা করে খবর আকারে প্রকাশ করে, তাকেই মোবাইল সাংবাদিকতা বলে। মোবাইল ডিভাইসটি হতে পারে একটি ডিএসএলআর ক্যামেরা, গো-প্রো বা একটি সেলফোন। হতে পারে একটি সম্পূর্ণ আলাদা প্রযুক্তিও। কেউ কেউ মোবাইল সাংবাদিকতাকে সেলফি সাংবাদিকতাও বলছেন। আমার কাছে মুখ্য বিষয় হচ্ছে রিপোর্টিং, তার জন্য আপনি কোন প্রযুক্তি ব্যবহার করছেন, তা গৌণ বিষয়।

সংবাদের খোঁজে প্রতিমুহূর্তেই ঘুরে ফিরছে সাংবাদিকরা। সেই ঘোরাঘুরির মাঝেই চোখে পড়ে অনেক কিছু, যা হয়ত সংবাদ নয় কিন্তু সাংবাদিক মন লিখতে চায়। জানাতে চায় তার পাঠকদের। খবরের জন্য এখন সবসময় মাঠে-ঘাটে যেতে হয় না। ইন্টারনেট, সোশ্যাল মিডিয়ার সুবাদে আরাম কেদারায় বসেও সহজেই লিখে দেয়া যায় বড় বড় খবর। রাজন হত্যা থেকে শুরু করে বেশ কিছু খবর তো মূলধারার সংবাদমাধ্যমের আগে সোশ্যাল মিডিয়া থেকেই আমরা পেয়েছি। এযুগে নির্ভরযোগ্যতার বাছবিচর ছাড়াই সোশ্যাল মিডিয়ার ওপর নির্ভরতা বাড়ছে। ফলে ভুল সংবাদ প্রচারের দায়ও নিতে হয়েছে বেশ কয়েকটি সংবাদ মাধ্যমকে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমের নামও কিন্তু এই তালিকায় আছে। 'সাংবাদিকের চোখ' এবং বিবেচনাবোধ ছাড়া সোশ্যাল মিডিয়া থেকে যা খুশি তাই প্রচার করে দেয়া নিশ্চয়ই দায়িত্বশীল সাংবাদিকতা নয়। সামাজিক যোগাযোগের

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# বিরোধীনেতা হিসেবে কী কী সুবিধা ও ক্ষমতা পাবেন রাহুল গান্ধী?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় সংসদের বিরোধীদলীয় নেতা নির্বাচিত হয়েছেন দেশটির জাতীয় কংগ্রেসের সাবেক সভাপতি ও দলটির অন্যতম শীর্ষস্থানীয় নেতা রাহুল গান্ধী। তাকে কংগ্রেস নেতৃত্বাধীন 'ইনডিয়া' জোট বিরোধী দলনেতা নির্বাচন করার পর এরই মধ্যে নিজের জীবনের প্রথম সাংবিধানিক পদটি গ্রহণও করেছেন তিনি।

ফলে ১৯৭৭ সালের সংসদীয় আইন অনুসারে, বেতন ও ভাতার পাশাপাশি বেশ কিছু সুযোগ-সুবিধা ও ক্ষমতাও পাবেন রাহুল। নিয়ম অনুসারে, বিরোধী দলনেতা, ক্যাবিনেট মন্ত্রীর সমান মর্যাদা পান।

তিনি বসেন লোকসভার স্পিকারের চেয়ারের বাম দিকের একেবারে সামনের সারিতে।

এই সাংবিধানিক পদ কিন্তু রাহুল গান্ধীর রাজনৈতিক জীবনের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর আগে তার সম্পর্কে বিজেপি নেতারা নানা সময়ে কটাক্ষ করেছেন।

তারা প্রশ্ন তুলতেন- রাহুল গান্ধী কে? তিনি বিরোধী দলনেতাও নন, কংগ্রেসের সভাপতিও নন। তাহলে তার কথাকে গুরুত্ব দেওয়া হবে কেন? তবে এখন বিরোধী দলনেতা হয়ে যাওয়ার পর কিন্তু রাহুল গান্ধীকে আর এতটা হেলাফেলা করা যাবে না।

রাহুল গান্ধী পাঁচবারের লোকসভা সংসদ সদস্য। তিনি প্রথম সংসদ সদস্য হয়েছিলেন ২০০৪ সালে। সেসময় উত্তর প্রদেশের আমেঠি থেকে নির্বাচিত হয়েছিলেন তিনি। এখনও পর্যন্ত তিনি শুধুমাত্র একবারই নির্বাচনে হেরেছেন। সেটিও সেই আমেঠি থেকেই। ২০১৯ সালে তাকে পরাজিত করেছিলেন বিজেপির স্মৃতি ইরানি।

তবে ওই একই বছরে তিনি ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য কেরালার ওয়েনাড় আসন থেকে জয়ী হয়ে সংসদে এসেছিলেন। ২০২৩ সালে মানহানির এক মামলায় দোষী সাব্যস্ত হয়ে, কয়েকদিনের জন্য সংসদ সদস্য পদ খুইয়েছিলেন তিনি।

পরে সুপ্রিম কোর্টের রায়ে তার সংসদ সদস্য পদ ফিরিয়ে দেওয়া হয়। ২০১৭ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত তিনি কংগ্রেসের সভাপতি পদেও ছিলেন। বর্তমানে, তিনি যুব কংগ্রেসের চেয়ারপারসন। এইবারের নির্বাচনে তিনি ওয়েনাড় এবং রায়বরেলি থেকে ভোটে জিতেছেন।

তবে সাংবিধানিক কোনও পদ রাহুল গান্ধী এর আগে কখনওই গ্রহণ করেননি। ২০০৪ সালে এবং ২০০৯ সালে কংগ্রেসের নেতৃত্বে সরকার গঠন করেছিল ইউপিএ জোট। সেই সময় চাইলেই কোনও ক্যাবিনেট মন্ত্রীর পদ পেতে পারতেন তিনি। কিন্তু, সেই দায়িত্ব তিনি নেননি।

আর তাই, রাহুল প্রশাসক হিসেবে কেমন, তা জানার বা দেখার সুযোগই হয়নি ভারতের জনগণের। তাই, প্রধানমন্ত্রী মুখ হিসেবে অনেকেই এখনও তার ওপর ভরসা রাখতে পারেন না। এবার মন্ত্রী না হলেও, বিরোধী দলনেতার দায়িত্ব গ্রহণ তার অন্য দিকটি তুলে ধরতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

গান্ধী পরিবার থেকে এর আগেও দুই ব্যক্তি এই পদে ছিলেন। রাহুল গান্ধীর বাবা রাজীব গান্ধী, ১৯৮৯-৯০ সালে এই পদে নির্বাচিত হয়েছিলেন। রাহুলের মা সোনিয়া গান্ধী ১৯৯৯ থেকে ২০০৪ সাল পর্যন্ত লোকসভার বিরোধী দলনেতার পদে ছিলেন।

এবার দেখে নেওয়া যাক, বিরোধী দলনেতা হিসাবে রাহুল গান্ধীর হাতে কী কী ক্ষমতা থাকবে?

১০ বছর পর ফের ভারতীয় লোকসভায় দেখা গেল প্রথম বিরোধী দলনেতাকে। এবার কিন্তু তার সমর্থন ছাড়া মোদি সরকারের পক্ষে একতরফা কোনও সিদ্ধান্ত নেওয়া কঠিন হবে। আগেই বলা হয়েছে, বিরোধী দলনেতা একজন ক্যাবিনেট মন্ত্রীর সমান মর্যাদা, বেতন এবং ভাতা পান। সেই হিসেবে রাহুল গান্ধীর বেতন হবে ৩ লাখ ৩০ হাজার রুপি।

ক্যাবিনেট মন্ত্রী পর্যায়ের নিরাপত্তাও পাবেন তিনি। অর্থাৎ জেড প্লাস (ত+) ক্যাটেগরির নিরাপত্তা পাবেন রাহুল। ক্যাবিনেট মন্ত্রীদের মতো সরকারি বাংলোও পাবেন সাবেক এই কংগ্রেস সভাপতি।

সেই সঙ্গে রাহুল গান্ধী থাকবেন প্রধান নির্বাচন কমিশনার এবং দুই নির্বাচন কমিশনার বাছাইয়ের তিন সদস্যের প্যানেলেও। তবে এখানে তিনি থাকবেন সংখ্যালঘু হিসেবে। কারণ, তিনি এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ছাড়া, এই প্যানেলে থাকবেন আরও একজন কেন্দ্রীয় মন্ত্রী।

অবশ্য লোকসভায় এবার বিজেপির নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা না থাকায়, রাহুল গান্ধীর ওপর কোনও সিদ্ধান্ত 'চাপিয়ে' দেওয়া কঠিন হবে।

সিবিআই, ইডি বা সিভিসির মতো কেন্দ্রীয় সংস্থাগুলোর প্রধানদের বাছাই করার কমিটিরও সদস্য হবেন রাহুল গান্ধী। এই কমিটিগুলো বাছাইয়ের ক্ষেত্রে রাহুলের হাতে আরও বেশি ক্ষমতা থাকবে। তিন সদস্যের এই কমিটির নেতৃত্বে থাকবেন প্রধানমন্ত্রী মোদি।

আর তৃতীয় সদস্য হিসেবে থাকবেন ভারতের প্রধান বিচারপতি বা সুপ্রিম কোর্টের কোনও একজন বিচারপতি। এটা বিরোধী পক্ষের জন্য বড় উৎসাহদায়ক হতে পারে।

কারণ বিরোধীরা বারবারই অভিযোগ করেন, বিরোধী নেতাদের হয়রানি করতেই বিভিন্ন কেন্দ্রীয় সংস্থাগুলোকে অপব্যবহার করে মোদির বিজেপি সরকার।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

নিজের কারনে যেসব মানুষকে কষ্ট দিয়েছে; তাদের সে কষ্টের মোচন করার উপদেশ দেন লোকনাথ বাবা। অখিলচন্দ্র বাড়ি ফিরে গিয়ে; সব সম্পত্তি গ্রামের দুঃখী মানুষের নামে দান করে দেন; এবং নিঃস্ব এক কাপড়ে বাবা লোকনাথের আশ্রমে এসে উপস্থিত হন। বাবার আশীর্বাদে ও সাধনায় তিনি; “সুরথনাথ ব্রহ্মচারী” নামে খ্যাতি লাভ করেন।

বারদী নিবাসী কবিরাজ রামরতন চক্রবর্তীর ছেলে জানকীনাথ। যৌবনে দূরারোগ্য রোগে আক্রান্ত হন। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## মায়ের মুখ ফসকে বেরিয়ে গেলো মেয়ের প্রেমিকের নাম!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রেম করছেন ওপার বাংলার জনপ্রিয় অভিনেত্রী দিতিপ্রিয়া রায়। টেলিভিশন সিরিয়াল করুণাময়ী রানী রাসমণিতে রানী চরিত্রে অভিনয় করে পরিচিত মুখ হয়ে ওঠেন তিনি। পরবর্তীতে ওটিটির দৌলতে জনপ্রিয়তা বাড়তে থাকে অভিনেত্রীর। পাশাপাশি কাজ করছেন বড় পর্দাতেও।

সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজের প্রেমের কথা জানিয়েছেন দিতিপ্রিয়া। সম্পর্ক নিয়ে অভিনেত্রী এতটাই সিরিয়াস যে, সংবাদমাধ্যমকে সরাসরি বলেছেন- যদি বিয়ে করতে হয়, এই ছেলেকেই করবেন নয়তো করবেন না।

এমন প্রতিশ্রুতিবদ্ধ সম্পর্কে প্রেমিকের নাম সকলের সামনে আনতে চান না দিতিপ্রিয়া। তবে অভিনেত্রীর মা 'ভুল'টা করে ফেললেন। একপ্রকার মুখ ফসকেই মেয়ের প্রেমিকের নাম জানিয়ে দিলেন।

সম্প্রতি মেয়ের প্রেমিকের সঙ্গে এক ছবি পোস্ট করেছেন সুদীপ্তা রায়। ক্যাপশনে লিখেছেন, 'আমার আদরের ঋভুবাবু'। সেই ব্যক্তির ডাক নাম ঋভু। কী করেন তিনি? না, সেই সম্পর্কে কিছুই জানাননি মা-মেয়ে।

ভারতীয় সংবাদমাধ্যম সূত্রের খবর, ঋভু আদতে সিনেমা জগতের মানুষ নন। লং ডিসটেন্স সম্পর্কে আছেন দিতিপ্রিয়া। তবে কলকাতায় এলে অভিনেত্রীর বাড়িতে যান তিনি। সেখানে দিতিপ্রিয়ার পরিবারের সঙ্গেও সময় কাটান।

অভিনেত্রীর কথায়, 'আমি বলব না এটাই আমার জীবনের প্রথম প্রেম। জীবনে হয়তো আরও অন্য কেউ এসেছিল। সেটা হয়তো আমার তরফ থেকে ছিল, ওই তরফ থেকে ছিল না। ওটা যে বাচ্চা বেলার প্রেম ছিল, সেটা কিন্তু না। প্রেমটা সিরিয়াস ছিল। কিছু গন্ডগোল হয়, আমি খুব কষ্ট পেয়েছিলাম, খুব খারাপ একটা সময় কেটেছে।'

দিতিপ্রিয়ার আরও জানান, তার পুরোনো প্রেমিক বিনোদন জগতের সঙ্গেই যুক্ত ছিলেন। বিচ্ছেদে পর জীবনের স্বাভাবিক ছন্দে ফিরতে তার বেশ কিছু মাস সময় লেগেছিল।

অভিনেত্রীর কথায়, 'আমি যেহেতু খুব প্রাইভেট পার্সন, আমি খুব একটা কিছুই লোকজনের সঙ্গে শেয়ার করতে পারি না। এটাই আমার সবচেয়ে বড় সমস্যা। প্রেম ছিল, চলে গেছে। তারপর হয়তো লোকজনকে বলেছি যে ছিল, কিন্তু চলে গেছে।'

প্রসঙ্গত, এর আগে ছোটপর্দার বহু তারকার সঙ্গে নাম জড়িয়েছিল দিতিপ্রিয়ার। যদিও এ সমস্ত জল্পনাকে মিথ্যা বলে দাবি করেছেন তারা। তবে এ বছরই নতুন সম্পর্কে জড়ান দিতিপ্রিয়া। যদিও সেই মানুষটি কোনও অভিনেতা বা ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত কেউ নয়। সেটিই কিছুটা খোলাসা করতে প্রেম নিয়ে খোলাখুলি মুখ খুললেন অভিনেত্রী।

## সোনাক্ষীর বিয়েতে থাকছেন সালমান?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনেতা-রাজনীতিবিদ শত্রুঘ্ন সিনহার একমাত্র মেয়ে সোনাক্ষীর বিয়ে বলে কথা! আলোর রোশনাই সারা বাড়িতে। জাহিরের বাড়িতেও সাজো সাজো রব। একের পর এক ছবি ও ভিডিও প্রকাশ্যে আসছে। এদিকে, বলিউডের তারকা যুগলের এই বিয়ের অতিথি তালিকাতেও রয়েছে বড় চমক। সূত্রের বরাত দিয়ে ভারতীয় সংবাদ মাধ্যমের খবরে বলা হয়েছে, বিয়েতে বিশেষ অতিথি হিসেবে দেখা যেতে পারে সালমান খানকে। শোনা যাচ্ছে, সোনাক্ষীর আবদারে না কি তিনি পারফর্মও করবেন।

এছাড়া, সঞ্জয় লীলা বনশালির 'হীরামাণ্ডি' সিরিজের পুরো স্টারকাস্ট থাকবেন সোনাক্ষীর বিয়েতে। দেখা যেতে পারে অক্ষয় কুমার, সুভাষ ঘাইকে।

এদিকে বেশ কয়েক বছর ধরেই জাহির ইকবালের সঙ্গে প্রেম সোনাক্ষীর। এ নিয়ে সরাসরি কখনও কিছু বলেননি অভিনেত্রী। তবে জাহিরের সঙ্গে নানা পার্টি, রেস্তরাঁয় দেখা গেছে তাকে। আবার সোশাল মিডিয়াতেও এক সঙ্গে ছবি পোস্ট করেছেন দুজন। লোকসভা ভোট শেষ হওয়ার পরই সোনাক্ষীর বিয়ের গুঞ্জন শোনা যায়।

## 'কে এই কঙ্গনাজি? উনি কি বড় অভিনেত্রী?'




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা আন্নু কাপুর। 'হামারে বারাহ' ছবির সংবাদ সম্মেলনে প্রশ্ন করে বসলেন 'কে এই কঙ্গনাজি? উনি কি সুন্দরী?' সংবাদ সম্মেলন অনুষ্ঠানে তিনি কঙ্গনার থাপ্পড়কাণ্ড নিয়ে নিজের মতও জানিয়েছেন।

অনেক আইনি ঝামেলা পার হয়ে অবশেষে শুক্রবার (২১ জুন) মুক্তি পেয়েছে 'হামারে বারাহ' ছবিটি। ছবিটি ৭ জুন মুক্তির পাওয়ার কথা থাকলেও নানা ঝামেলায় মুক্তির দিন পিছিয়ে ১৪ জুন করা হয়। এদিনেও মুক্তি পায়নি আন্নু কাপুর অভিনীত ছবিটি। গত বুধবার বোম্বে হাইকোর্ট 'হমারে বারাহ' ছবিটি মুক্তির ওপর থেকে নিষেধাজ্ঞা সরিয়ে নিয়েছে। আর কিছু আপত্তিকর সংলাপ মুছে ছবিটি মুক্তির অনুমতি দেয়ায় শুক্রবার ভারতে বড় পর্দায় মুক্তি পেয়েছে 'হামারে বারাহ'।

ধর্মকে ঘিরে 'আপত্তিকর' কিছু সংলাপের কারণে ছবিটি মুক্তির স্থগিতাদেশ দিয়েছিলেন আদালত।



ছবিটির বিরুদ্ধে অনেকেই অভিযোগ তুলেছেন, ধর্মের বিরুদ্ধে নির্মাতারা আঙুল তুলেছেন। এমনকি এই ছবিতে দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য শুধু এই ধর্মের মানুষদের কেনো দায়ী করা হয়েছে বলে তারা অভিযোগ করেন।

এদিনের সংবাদ সম্মেলনে নির্মাতাদের পক্ষ থেকে জানানো হয়, ধর্মকে মোটেও আঘাত করা তাদের উদ্দেশ্য নয়। নির্মাতারা চেয়েছেন, এই ছবির মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে সচেতনতা বাড়াতে। ছবির মূল চরিত্রে আছেন আন্নু কাপুর। ছবিটি প্রসঙ্গে অভিনেতা আন্নু কাপুর বলেন, 'কোনো ধর্মের সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই। আমি নাস্তিক। আর আমি কোনো ধর্মীয় বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করি না। কারণ, এ বিষয়ে আমার জ্ঞান নেই।'

মুম্বাইয়ের এক পাঁচতারা হোটেলে আয়োজিত এই সংবাদ সম্মেলনে এক সাংবাদিক প্রশ্ন তোলেন যে শুধু বিশেষ এক ধর্মকে আঘাত করার উদ্দেশ্যে কেনো 'দ্য কাশ্মীর ফাইলস', 'দ্য কেরলা স্টোরি'র মতো ছবি নির্মাণ করা হয়? আন্নু কাপুর এই পরিপ্রেক্ষিতে সঞ্জয় লীলা বানসালির প্রসঙ্গ টেনে বলেন, বানসালি তার ছবিতে হিন্দুধর্মের অবমাননা করেছেন।

আন্নু কাপুর অভিযোগের সুরে বলেন, 'আমি সিনেমা দেখি না। তবে উনিও (বানসালি) অনেক আপত্তিকর কাজ করেছেন। তার "পদ্মাবত" ছবিতে কী হিন্দুধর্মকে সম্মানের সঙ্গে দেখিয়েছেন? উনিও হিন্দুধর্মের অনেক অপমান করেছেন। এর জন্য তাকে জুতাপেটা পর্যন্ত করা হয়েছে।'

এদিকে এক সাংবাদিক কঙ্গনার 'থাপ্পড়'-কাণ্ডের প্রসঙ্গ তুললে এর জবাবে আন্নু কাপুর বলেন, 'সবার আগে জানতে চাই, এই কঙ্গনাজি কে? উনি কি বড় অভিনেত্রী? উনি কি সুন্দরী?'

কঙ্গনা নবনির্বাচিত সংসদ সদস্য, এ কথা জানতে পেরে আন্নু কাপুর সেই সাংবাদিকের উদ্দেশে বলেন, 'উনি তো বেশ শক্তিশালী ব্যক্তি। আমার মতো বোকা মানুষ আপনি এই ফিল্ম ইন্ডাস্ট্রিতে একটিও পাবেন না। আমি সিনেমা, টেলিভিশন, ওটিটি, নিউজ চ্যানেল দেখি না। আমি খবরের কাগজ পড়ি না। আমি সামাজিক যোগাযোগমাধ্যমে নেই। আমি অত্যন্ত সুখী ব্যক্তি। তিনি আরো বলেন, আমাকে কেউ যদি এ রকমভাবে থাপ্পড় মারেন, আমি তার বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেব। আর আমি সেই ব্যক্তিকে সুপ্রিম কোর্ট, রাষ্ট্রপতি ভবন পর্যন্ত টেনে নিয়ে যাব।'

## বিয়ের আগেই অন্তঃসত্ত্বা ছিলেন আলিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের তারকা অভিনেত্রী আলিয়া ভাট। এই মুহূর্তে বলিউডের প্রথম সারির নায়িকা তিনি। ফিল্মি ক্যারিয়ারের জন্য মাতৃত্ব কোনো বাধা নয়, এর জ্বলন্ত উদাহরণ এই তারকা। মাত্র ২৯ বছর বয়সে ক্যারিয়ারের শীর্ষে থাকাকালীন মা হয়েছেন অভিনেত্রী। বর্তমানে তার মেয়ের বয়স দেড় বছর। যখন আলিয়া প্রথম জানতে পারেন তিনি অন্তঃসত্ত্বা কী প্রতিক্রিয়া হয়েছিল তার? সেই কথা খোলসা করলেন অভিনেত্রী।

২০২২ সাল আলিয়ার জীবনের সবচেয়ে স্মরণীয় বছরের একটা। ২০২২ সালের এপ্রিলে রণবীরকে বিয়ে করেন আলিয়া। পাঁচ বছরের প্রেম সম্পর্ক পায় কাঙ্খিত পরিণতি। বিয়ের দেড় মাসের মাথায় প্রেগন্যান্সির ঘোষণা করে সবাইকে চমকে দিয়েছিলেন আলিয়া। সেই সময় আলিয়ার সামনে ছিল তার ড্রিম হলিউড প্রোজেক্ট। তখন থেকেই জল্পনা শুরু হয়েছিল বিয়ের আগেই অন্তঃসত্ত্বা ছিলেন আলিয়া।

ব্যাপারটা পরিষ্কার হয় আলিয়ার সন্তান রাহার জন্মের পর। ৬ নভেম্বর কন্যা সন্তানের জন্ম দেন তিনি। আলিয়া ভারতীয় সংবাদমাধ্যমের সঙ্গে এক আলাপচারিতায় জানিয়েছেন, যখন তিনি প্রথম জানতে পারেন গর্ভবতী হওয়ার কথা তখন এক সিনেমার সেটে ছিলেন। তখনও বিয়ে হয়নি রণবীর-আলিয়ার। খবরটা পাওয়ার পরেই আবেগতাড়িত হয়ে পড়েছিলেন মহেশকন্যা।

আলিয়া বলেন, 'ব্যপারটা জানার পর আবেগতাড়িত হয়ে পড়ি। সেই সময় একটা ছবির সেটে (হার্ট অব স্টোন) ছিলাম, সেখানেই কেঁদে ফেলি। যদিও ওটা খুশির কান্না ছিল আমার।'

প্রেগন্যান্সিতেও কাজের সঙ্গে কোনো কম্প্রোমাইজ করেননি। ব্রক্ষাস্ত্রের প্রচার চালিয়েছেন ভরা প্রেগন্যান্সিতে। আলিয়ার কথায়, তিনি নিজেকে সীমাবদ্ধ রাখতে চাননি। তবে সহজ ছিল না মা হওয়ার সফর। প্রেগন্যান্সির প্রথম পর্যায়টাই সবচেয়ে চ্যালেঞ্জিং ছিল আলিয়ার কাছে।

তিনি বলেন, 'প্রথম কয়েক সপ্তাহে একটুতেই ক্লান্ত হয়ে পড়তাম, সারক্ষণ বমি বমি ভাব থাকত। তাই কাজের ফাঁকে ভ্যানিটিতে ঘুমিয়ে থাকতাম।' রাহার জন্মের পর কেমন অনুভূতি হয়েছিল? এক কথায় আলিয়া বলেন, 'ম্যাজিক্যাল'।

একটা সময় বলা হত, বিয়ের পরেই নায়িকাদের ক্যারিয়ার শেষ। সেই মিথ ধীরে ধীরে ভেঙেছেন আজকের প্রজন্মের বলি সুন্দরীরা। এই যেমন মা হওয়ার মাস কয়েকের মধ্যে 'রকি অউর রানি'র সেটে ফিরেছেন আলিয়া।

## হত্যা মামলায় গ্রেফতার কন্নড় সুপারস্টার দর্শন কারাগারে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের দক্ষিণী সিনেমার অভিনেতা দর্শন থুগুদীপা ১০ দিন ধরে গ্রেফতার আছেন তারই এক ভক্তকে হত্যার মামলায়। একই মামলায় গ্রেফতার হয়েছেন আরও ১৬ জন।

৩৩ বছর বয়সী ভক্ত রেণুকাস্বামীর দেহ নর্দমা থেকে উদ্ধারের পর পুলিশ এ ঘটনাকে 'জঘন্যতম অপরাধ' হিসেবে বর্ণনা করেছে। বেঙ্গালুরু শহরের পুলিশ কমিশনার বি দয়ানন্দ বলেছেন, রেণুকাস্বামীকে 'অত্যন্ত নৃশংস ও বর্বরোচিতভাবে' হত্যা করা হয়েছে।

পুলিশের ধারণা, একটি ওষুধ কোম্পানিতে কর্মরত রেণুকাস্বামীর ওপর ৪৭ বছর বয়সী দর্শন ক্ষুব্ধ ছিলেন। কারণ রেণুকাস্বামী সামাজিক যোগাযোগ মাধ্যমে পবিত্র গৌড়া নামে এক অভিনেত্রীকে অশ্লীল বার্তা পাঠিয়েছিলেন। এই অভিনেত্রীকে দর্শনের বান্ধবী বলে বর্ণনা করছে ভারতের সংবাদমাধ্যম। গ্রেফতারদের মধ্যে তিনিও রয়েছেন।

সন্দেহভাজনদের বিরুদ্ধে 'হত্যা, অপহরণ, প্রমাণ লোপাট এবং অপরাধমূলক ষড়যন্ত্রের' অভিযোগ আনা হয়েছে। দর্শনের আইনজীবী রঙ্গনাথ রেড্ডি বিবিসিকে বলেছেন, অভিনেতা দর্শন তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন।

রঙ্গনাথ বলেন, "এই মুহূর্তে এগুলো নিছকই অভিযোগ। দর্শনের বিরুদ্ধে পুলিশের কাছে সরাসরি কোনও প্রমাণ নেই।" পবিত্র ও দর্শনের বিয়ের খবরও সঠিক নয় বলে দাবি করেন তিনি।

কন্নড় ফিল্ম ইন্ডাস্ট্রির সবচেয়ে 'নির্ভরযোগ্য তারকা' হিসাবে বিবেচিত দর্শন এখন পর্যন্ত প্রায় ৬০টি ছবিতে অভিনয় করেছেন, যার মধ্যে অনেক সিনেমাই ব্যবসায়িক সফলতা দেখিয়েছে।

তিনি কন্নড় ফিল্ম ইন্ডাস্ট্রির সবচেয়ে বড় তারকা, যার বিশাল ভক্তকুল আছে। অটোরিকশার পেছনে তার মুখ সাঁটাতে যেমন দেখা যায়, তেমনই নতুন সিনেমা মুক্তি পেলে ব্যানারে ভক্তরা দুধ ঢালেন বলে জানান চলচ্চিত্র সমালোচক এস শিব কুমার।

কন্নড় চলচ্চিত্রের প্রযোজক যোগীশ দ্বারকিশ বলেন, "দর্শন এমন এক অভিনেতা, যিনি আপনাকে ভালো শুরুর নিশ্চয়তা দিতে পারেন।"

তার সিনেমা ৪০০ প্রেক্ষাগৃহের ৬০০-৭০০ স্ক্রিনে মুক্তি পায়। ভক্তরা তাকে পূজা করেন। তিনি এমন একজন তারকা যিনি প্রতিবারই ভালো করেন। তার সর্বশেষ ছবি 'কাটেরা' ১০০ কোটি রুপির বেশি আয় করেছে।

অভিনেতা দর্শন একটি চরিত্রের জন্য ২০ থেকে ২৫ কোটি রুপি পারিশ্রমিক নিয়ে থাকেন, যা সেখানকার ইন্ডাস্ট্রিতে বিরল। কন্নড় ভাষায় সাধারণত অল্প বাজেটের সিনেমা হয়, যার বেশিরভাগই প্রতিবেশী রাজ্যগুলোতে মুক্তি পায় না।

# সবার আগে লেভান্দোভস্কির পোল্যান্ডের বিদায় অপেক্ষা বাড়লো ফ্রান্স নেদারল্যান্ডসের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জিতলেই শেষ যোলো নিশ্চিত হবে এমন সমীকরণ সামনে রেখেই মুখোমুখি হয় ইউরোর সাবেক দুই চ্যাম্পিয়ন ফ্রান্স ও নেদারল্যান্ডস। শুক্রবার রাতে লিপজিগের রেড বুল এরিনায় 'ডি' গ্রুপে দু'দলের ম্যাচটি গোলশূন্য ড্র হওয়ায় নকআউট পর্বের হিসাব মেলাতে শেষ ম্যাচ পর্যন্ত অপেক্ষা করতে হবে তাদের। আগের ম্যাচে নাকে চোট পাওয়ায় নেদারল্যান্ডসের বিপক্ষে মুল একাদশে ছিলেন না ফরাসী অধিনায়ক কিলিয়ান এমবাপ্পে। তার জায়গায় দলের নেতৃত্ব দেন অ্যান্টোনিও গ্রিজম্যান। অধিনায়কত্বের ভারেই মাঠে ফ্লপ ছিলেন এই তারকা। খেলায় অন্তত হাফডজন গোল মিস করেছেন গ্রিজম্যান। শুরু থেকেই সমানতালে খেলেছে দু'দল। যদিও গোলের প্রথম সুযোগ তৈরী করেছিল ডাচরা। খেলা শুরুর প্রথম মিনিটেই মেম্ফিস ডিপের কাছ থেকে বল পেয়ে ডি-বক্সের ভেতরে ঢুকে ফ্রিমপংয়ের কোনাকুনি শট রুখে দেন ফরাসী গোলরক্ষক। তিন মিনিট পরই সহজ সুযোগ নষ্ট করেন ফরাসী ফরোয়ার্ড গ্রিজম্যান। বক্সের বাইরে থেকে তার আচমকা শট রুখে দেন ডাচ গোলরক্ষক। এর পরের মিনিটেই আরো দু'টি গোল মিস করেন গ্রিজম্যান। এরপর আক্রমণ-পাল্টা আক্রমণেই শেষ হয় ম্যাচের প্রথমার্ধ। দ্বিতীয়ার্ধেও দু'দলের একই অবস্থা। গোলের সহজ সুযোগ সৃস্টি করেছে ঠিকই তবে তা থেকে গোল আদায় করতে পারেনি কোনো দল। ৬৯ মিনিটে ফরাসিদের জালে বল ফেলেছিলো নেদারল্যান্ডস। স্টেডিয়াম উপচে পড়া ডাচ সমর্থকদের উল্লাস মুহূর্তেই মাটি হয়ে যায় ভিএআরে গোল বাতিল হওয়ায়। বাকি সময়ে দু'দল সমান সুযোগ তৈরী করলেও গোলের দেখা পায়নি কেউ। শেষ পর্যন্ত পয়েন্ট ভাগাভাগি করেই মাঠ ছাড়ে ফ্রান্স-নেদারল্যান্ডস। সমান দুই ম্যাচ খেলে দু'দলের পয়েন্ট ৪। তবে গোল গড়ে এগিয়ে থেকে শীর্ষে আছে ডাচরা। এদিকে এই গ্রুপে চমক দেখিয়েছে অস্ট্রিয়া। নিজেদের প্রথম ম্যাচে ফ্রান্সের কাছে আত্মঘাতি গোলে হারলেও দ্বিতীয় ম্যাচে ঘুরে দাঁড়িয়েছে তারা। বার্লিনের অলিম্পিক স্টেডিয়ামে পোল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে নকআউট পর্বে খেলার আশা বাঁচিয়ে রেখেছে অস্ট্রিয়া। খেলার ৯ মিনিটে অস্ট্রিয়ান সমর্থকদের উল্লাসে কেঁপে ওঠে গ্যালারি। ফিলিপ মুয়েনের ক্রসে মাথা ছুঁইয়ে জাল কাঁপান গার্নট ট্রওনার। জাতীয় দলের জার্সিতে এটি তার দ্বিতীয় গোল। পিছিয়ে পড়া পোল্যান্ড সমতা ফেরাতে মরিয়া হয়ে ওঠে। শেষ পর্যন্ত ৩০ মিনিটে সমতা সূচক গোলের দেখা পায় পোলিশরা। জ্যান বেদনারেকের শট বাধা পেয়ে ফিরে এলে ফিরতি শটে ক্রিস্টোফার পিয়াতেক পোল্যান্ডের হয়ে গোল শোধ দেন। প্রথমার্ধের বাকি সময়ে আর গোলের দেখা পায়নি কোনো দল।

বিরতি থেকে ফিরে বার্সেলোনার স্ট্রাইকার লেভানডস্কিকে মাঠে নামায় পোল্যান্ড। ইনজুরিতে থাকা এই তারকা ফুটবলার প্রথম ম্যাচে মাঠে নামেননি। যদিও আহামরি পারফর্ম করতে পারেনি লেভানডস্কি। বরং ম্যাচের দখল নিজেদের করে নিয়ে ৬৬ মিনিটে দ্বিতীয় গোল আদায় করে নেয় অস্ট্রিয়া। বক্সের ভেতরে ঢুকে ঠান্ডা মাথায় পোলিশ গোলকিপারকে পরাস্ত করেন ক্রিস্টোফার বাউমগার্টনার। ৭৮ মিনিটে পেনাল্টি থেকে আরো এক গোলে অস্ট্রিয়ার জয় নিশ্চিত হয়। মার্সেল স্যাবিটজারকে বক্সের মধ্যে ফেলে দেন পোলিশ গোলকিপার। কালক্ষেপন না করেই সাথে সাথে পেনাল্টির নির্দেশ দেন রেফারি। স্পট কিকে দলের হয়ে তৃতীয় গোল করেন মার্কো আরনাওতোভিচ। পর পর দুই গোল হজম করে হাল ছেড়ে দেয় পোল্যান্ড। বাকি সময়ে আর সমতায় ফিরতে পারেনি তারা। এই জয়ে শেষ ষোলোতে খেলার আশা বাঁচিয়ে রাখলো অস্ট্রিয়া। অন্য দিকে প্রথম রাউন্ড থেকেই বিদায় অনেকটা নিশ্চিত হয়ে গেছে পোল্যান্ডের। আরেক ম্যাচে সেস্লাভাকিয়াকে ২-১ গোলে হারিয়ে 'ই' গ্রুপ থেকে নকআউট পর্বে খেলার দৌড়ে টিকে থাকলো ইউক্রেন।

# ফাইনালের লড়াই, ইংল্যান্ডের বিপক্ষে

## মাঠে নামার আগে যা বললেন ভারতের অধিনায়ক




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে আজ ভারতের মুখোমুখি হবে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড। বৃহস্পতিবার গায়ানার প্রোভিডেন্স স্টেডিয়ামে বাংলাদেশ সময় রাত ৮টা ৩০ মিনিটে শুরু হবে নবম আসরের দ্বিতীয় সেমিফাইনালের ম্যাচটি।

ফাইনালে খেলার লক্ষ্যে সেমিফাইনালে জয় ছাড়া অন্য কিছুই ভাবছে না ইংলিশরা। দলের অধিনায়ক জশ বাটলার বলেন, "আমাদের সামনে চতুর্থ ফাইনাল খেলার সুযোগ। ফাইনালে খেলার সুযোগ যে কেউ লুফে নেবে। আমরাও এর ব্যতিক্রম না। ফাইনালে খেলতে দলের সবাই মুখিয়ে আছে। আমাদের লক্ষ্য ফাইনাল খেলা।"

২০১৪ সালের পর আর কখনও টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে খেলতে পারেনি ভারত। দু'বার সেমিফাইনালে খেললেও ফাইনালে উঠতে পারেনি তারা। ১০ বছর পর আবারও বিশ্বকাপের ফাইনালে খেলার সুযোগ এসেছে ভারতের সামনে। এই সুযোগকে হাতছাড়া করতে চায় না ভারত।

দলের অধিনায়ক রোহিত শর্মা বলেন, "দীর্ঘ দিন পর ফাইনালে খেলার সুযোগ তৈরি হয়েছে। এই সুযোগ কোনওভাবেই হাতছাড়া করতে রাজি নই আমরা। ফাইনালে খেলার লক্ষ্য নিয়ে সেমির লড়াইয়ে নামবে দল।"

টানা দ্বিতীয়বারের মতো বিশ্বকাপের সেমিফাইনালে প্রতিপক্ষ হিসেবে ইংল্যান্ডকে পেয়েছে ভারত। আগের আসরে ইংল্যান্ডের কাছে হারের প্রতিশোধ নেওয়ার দারুণ সুযোগ এখন ভারতের সামনে। কিন্তু প্রতিশোধ নিয়ে ভাবতে রাজি নন রোহিত। প্রতিপক্ষ কে, সেটিও ভাবতে চান না তিনি।

রোহিত শর্মা বলেন, "আমরা আলাদা কিছু করতে চাই না। যে ক্রিকেট খেলছি সেটাই খেলতে চাই। কে প্রতিপক্ষ সেটি দেখার দরকার নেই। ছেলেদের বলেছি, চাপ না নিয়ে নিজেদের মতো খেলতে। এই রকম ক্রিকেট খেললেই আমরা সফল হব।"

# টানা দুই ম্যাচে

## কামিন্সের বিরল হ্যাটট্রিক




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিশ্বকাপে হ্যাটট্রিক করাকে অভ্যাস বানিয়ে ফেললেন অস্ট্রেলিয়ান পেসার প্যাট কামিন্স। অ্যান্টিগায় টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের বিপক্ষে ১৮তম ওভারের শেষ দুই বল এবং ২০তম ওভারের প্রথম বলে উইকেট নিয়ে হ্যাটট্রিক করেন কামিন্স। ২৩ জুন আফগানিস্তানের বিপক্ষে আবারো হ্যাটট্রিক করেছেন এই পেসার। এবার উইকেট নিয়েছেন ১৮তম ওভারের শেষ বল ও ২০তম ওভারের প্রথম দুই বলে। টি-টোয়েন্টি ক্রিকেটে টানা দুই ম্যাচে কোনো বোলারের হ্যাটট্রিকের ঘটনা এবারই প্রথম।

টি-টোয়েন্টি ক্রিকেটে টানা দুই ম্যাচে কোনো বোলারের হ্যাটট্রিকের ঘটনা এই প্রথম আর আন্তর্জাতিক ক্রিকেটে দ্বিতীয়। এর আগে ১৯৯৯ সালে শ্রীলঙ্কার বিপক্ষে টানা দুই টেস্টে হ্যাটট্রিক করেছিলেন পাকিস্তান কিংবদন্তি ওয়াসিম আকরাম।

টি-টোয়েন্টি বিশ্বকাপে প্রথম বোলার হিসেবে দুটি হ্যাটট্রিকের মালিক এখন কামিন্স। শ্রীলঙ্কার কিংবদন্তি লাসিথ মালিঙ্গার ওয়ানডে বিশ্বকাপে দুটি হ্যাটট্রিক রয়েছে।

দ্বিতীয় অস্ট্রেলিয়ান হিসেবে বিশ্বকাপে হ্যাটট্রিক কামিন্সের। এর আগের হ্যাটট্রিক ছিলো ব্রেট লির। সেটিও ছিলো বাংলাদেশের বিপক্ষেই। পঞ্চম বোলার হিসেবে আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে দুটি হ্যাটট্রিক করলেন কামিন্স।

এর আগে টি-টোয়েন্টিতে দুটি হ্যাটট্রিক করেছেন মালিঙ্গা, টিম সাউদি, মার্ক পাবলোবিচ, ওয়াসিম আব্বাস। তবে এদের কেউই টানা দুই ম্যাচে এই কীর্তি গড়তে পারেননি।

কামিন্সের আজকের হ্যাটট্রিক নিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপ দেখলো অষ্টম হ্যাটট্রিক। সব মিলিয়ে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ৬০তম। এই সংস্করণে ৪ বলে ৪ উইকেট নেয়ার কীর্তিও আছে। রশিদ খান, লাসিথ মালিঙ্গা, কার্টিস ক্যাম্ফার ও জেসন হোল্ডারের দখলে সেই কীর্তি।

রবিবার কামিন্সও এই কীর্তি গড়তে পারেন। তবে ২০তম ওভারের তৃতীয় বলে ডেভিড ওয়ার্নার নানগায়াল খারোতির ক্যাচ ছাড়লে সেটা আর হয়নি। আজ কামিন্সের হ্যাটট্রিকের শুরুটা হয় ১৮ ওভারের শেষ বলে রশিদ খানকে আউট করে। এরপর ২০তম ওভারের প্রথম দুই বলে আউট করেন করিম জানাত ও গুলবদিন নাইবকে।

# পরিবার নিয়ে কিছু বললে

## ছাড় দেব না: রউফ




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিশ্বকাপের গ্রুপ পর্ব থেকে ছিটকে যাওয়ার পর এমনিতেই সমর্থকদের তোপের মুখে আছেন পাকিস্তানের ক্রিকেটাররা। এরই মাঝে নতুন বিতর্কের জন্ম দিলেন হারিস রউফ। এক ব্যক্তির সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময় ও তার দিকে তেড়েফুঁড়ে যান পাকিস্তানি এই পেসার। সামাজিক যোগাযোগ মাধ্যমে এর ভিডিও ভাইরাল হলে তোপের মুখে পড়েন রউফ। বাধ্য হয়ে তাই এই ঘটনার ব্যাখ্যা দিলেন ৩০ বছর বয়সী ক্রিকেটার।


ছড়িয়ে পড়া ভিডিওটিতে দেখা যায়, একটু দূরে থাকা কয়েকজনের সঙ্গে কথা বলছেন রউফ। সঙ্গে ছিলেন তার স্ত্রী। তিনি রউফের হাত ধরে রেখেছিলেন। কিন্তু শেষ অবধি পারেননি। রউফ তেড়ে যান তাদের দিকে। চেষ্টা করেও রউফের স্ত্রী রউফকে আটকে রাখতে পারেননি। সেখানে থাকা আরেকজন আটকানোর চেষ্টা করেন তাকে। রউফকে তখন জোর গলায় কথা বলতে শোনা যায়। ক্ষোভে ফুঁসছিলেন তিনি।

বিষয়টি নিয়ে এক্স হ্যান্ডেলে রউফ বলেন, 'আমি সোশ্যাল মিডিয়াতে বিষয়টি নিয়ে আলোচনা করব না বলেই সিদ্ধান্ত নিয়েছিলাম। তবে ঘটনাটি যখন সবার সামনে সোশ্যাল মিডিয়ার মধ্যে দিয়ে চলেই এসেছে। ঘটনার ভিডিয়ো যখন বাইরে এসেই গিয়েছে, আমি মনে করি এই মুহূর্তে দাঁড়িয়ে এই বিষয়টি নিয়ে মুখ খোলার সময় এসেছে। আমরা যেহেতু পাবলিক ফিগার (ব্যক্তিত্ব) তাই জনগনের থেকে সবধরনের ফিডব্যাক পাওয়ার জন্য আমাদেরকে তৈরি থাকতে হয়। তাদের পূর্ণ অধিকার রয়েছে আমাদের সমালোচনা করার। তবে আমার পরিবার, আমার বাবা-মা'কে নিয়ে যদি কেউ কটুক্তি করে আমি জবাব দিতে এক মুহূর্তও ভাবব না। একজন ব্যক্তি, তার পরিবারের উপর সম্পূর্ণ শ্রদ্ধা জানানো খুব গুরুত্বপূর্ণ। সে যেই প্রফেশনেই থাকুক না কেন তাঁর প্রতি শ্রদ্ধাশীল হওয়া উচিত।

বিশ্বকাপে পাকিস্তান গ্রুপ পর্বে তাদের শেষ ম্যাচটি খেলেছে ফ্লোরিডার লডারহিলে। ঘটনাটি সেখানে কোথাও ঘটেছে বলে ধারণা করা হচ্ছে।

# সেমিফাইনালে আফগানদের ভরাডুবি;

## আলোচনায় 'ফ্লাইট বিপর্যয়'




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে ত্রিনিদাদ স্টেডিয়ামে আফগানদের একবারে উড়িয়ে দিয়েছে প্রোটিয়ারা। মাত্র ৫৬ রানেই অলআউট হয়ে যায় আফগানিস্তান। জবাবে ৯ উইকেটের জয়ের ফলে প্রথমবারের মতো টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে নাম লেখাল দক্ষিণ আফ্রিকা। তবে সব কিছু ছাপিয়ে আলোচনায় এখন 'ফ্লাইট বিপর্যয়'। সময়ের হিসেবে ঠিক ৪৮ ঘণ্টা। বাংলাদেশ সময় গত মঙ্গলবার ভোরে (স্থানীয় সময় সোমবার রাত) রোমাঞ্চকর এক ম্যাচে বৃষ্টি আইনে বাংলাদেশকে হারিয়ে আইসিসির যে কোনো ইভেন্টে প্রথমবারের মতো সেমিফাইনালে উঠে ইতিহাস গড়েছিল আফগানিস্তান। তাদের সামনে হাতছানি ছিল স্বপ্নের ফাইনালের। গ্রুপ পর্বে নিউজিল্যান্ড ও সুপার এইটে অস্ট্রেলিয়ার মতো পরাশক্তিকে হারিয়ে রীতিমতো উড়ছিল আফগানরা। তবে সেমিফাইনালে মঞ্চে দুর্দান্ত ছন্দে থাকা সেই আফগানিস্তানকে টেনে মাটিতে নামিয়ে আনল দক্ষিণ আফ্রিকা। বিশ্বকাপজুড়ে দারুণ পারফর্ম করা আফগানিস্তানের এমন বাজে পরিস্থিতি দেখার জন্য অনেকেই প্রস্তুত ছিলেন না। প্রথমবার সেমিফাইনালে খেলার চাপ নিতে না পারা নাকি অন্য কোনো কারণে এমন বিপর্যয়, সেটি নিয়ে চলছে বিশ্লেষণ। তবে এক এক্স বার্তায় অনেক প্রশ্নের জবাবই দিয়ে দিয়েছেন মাইকেল ভন। ইংল্যান্ডের সাবেক এই অধিনায়ক ও ধারাভাষ্যকার সোশ্যাল মিডিয়া এক্সে বলছিলেন, 'স্থানীয় সময় সোমবার রাতের ম্যাচে সেমিফাইনাল নিশ্চিত করার পর সেন্ট ভিনসেন্ট থেকে ত্রিনিদাদের (সেমির ভেন্যু) যেই বিমান ধরেছিল আফগানরা, চার ঘণ্টা লেট ছিল ফ্লাইটে। ত্রিনিদাদে নেমে কোনো প্র্যাকটিস সেশন করতে পারেনি ওরা।' যে কারণে নতুন ভেন্যুতে মানিয়ে নেওয়ারও সুযোগ হয়নি। সেন্ট ভিনসেন্টের স্লো উইকেট থেকে ত্রিনিদাদের ফাস্ট উইকেটে মানিয়ে নেওয়ার জন্য যেটা আবশ্যক ছিল।

# আফগানিস্তানের বিদায়ের দিন

## ফারুকীর বিশ্বরেকর্ড



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে আফগানিস্তানকে ৯ উইকেটের বিশাল ব্যাবধানে হারিয়ে প্রথমবারের মতো ফাইনালে উঠেছে দক্ষিণ আফ্রিকা। বৃহস্পতিবার (২৭ জুন) ত্রিনিদাদের ব্রায়ান লারা স্টেডিয়ামে টস জিতে ব্যাটিংয়ে নেমে মাত্র ৫৬ রানে অলআউট হয় আফগানিস্তান। জবাবে ৬৭ বল হাতে রেখে মাত্র ১ উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায় প্রোটিয়ারা। সেমিতে প্রোটিয়াদের কাছে হেরে ছিটকে গেলেও, একটি বিশ্বরেকর্ড গড়েছেন আফগান পেসার ফজল হক ফারুকী।

আফগানিস্তান তাদের টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বনিম্ন রানে অলআউট হয়েছে। মাত্র ৫৬ রানে গুটিয়ে গেছে তাদের ইনিংস। যা ৯ উইকেট ও ৬৭ বল হাতে রেখেই তুলে নেয় দক্ষিণ আফ্রিকা। প্রোটিয়া ব্যাটসম্যান কুইন্টন ডি কক'কে বোল্ড করে টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে এক আসরে সর্বোচ্চ উইকেট শিকারির নতুন রেকর্ড গড়েছেন ফারুকী।

এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে ১৭ উইকেট পেয়েছেন আফগান এই পেসার। যা এই আসর তো বটেই টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসের সর্বোচ্চ। ছাড়িয়ে গেছেন লঙ্কান লেগ স্পিনার ওয়ানিন্দু হাসারাঙ্গার ১৬ উইকেটের রেকর্ড।

ফারুকীর কীর্তির দিন লজ্জার রেকর্ড গড়েছে আফগানিস্তান। টি-টোয়েন্টি বিশ্বকাপ সেমিফাইনাল তো বটেই নিজেদের ইতিহাসের সর্বনিম্ন রানে অলআউটের হয়েছে তারা। বিশ্বকাপের নকআউট ম্যাচেও এটি সর্বনিম্ন রানের রেকর্ড।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR